স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই শ্রাবণ বুধবার, ১৩৭১ ইংরাজী 29th July. 1964 { ১১শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি** লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

R. P. Sarur

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই। অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 6212.07.57

**খাস জনতা**
কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে
জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেন্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ (বাস ষ্ট্যাণ্ড)

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
* আমাদের মত প্রায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৩ই শ্রাবণ বুধবার সন ১৩৭১ সাল।

# মুনাফাখোরদের কেরামতী

দরে বেশী, ওজনে কম এবং জিনিষে ভেজাল—এই তিন রকমের অত্যাচার দিনের পর দিন লক্ষ লক্ষ মানুষকে নিতান্ত অসহায়ভাবেই সহ্য করিতে হইতেছে। মুনাফাখোরের দলকে জব্দ করিবার জন্য কেন্দ্রীয় কর্ত্তৃপক্ষ আগ্রহান্বিত হওয়ায়, ইহারা যেন 'মরিয়া' হইয়া উঠিয়াছে। প্রকাশ্য দিবালোকে তাই কালোবাজার চালু করিয়া ইহারা আইনের শাসনকে প্রকাশ্যভাবে চ্যালেঞ্জ করিয়াছে।

সুদীর্ঘকাল হইতে এই সব দুষ্ট ব্যবসায়ী জনসাধারণকে শোষণ করিতে করিতে যেভাবে দেশব্যাপী দুর্নীতির জাল বিস্তার করিয়া ফেলিয়াছে, তাহাতে হঠাৎ কোন মন্ত্রের চোটে সে জাল ছিন্ন করা যে সম্ভব নয়, তাহা সকলেই বুঝে; কিন্তু তথাপি সরকার যে আর উহাদের আস্কারা দিতে প্রস্তুত নহেন, এইটুকু বুঝিলেও স্বস্তির নিঃশ্বাস ফেলিতে পারা যায়।

ঘুষের জোরে ও চাঁদার খাতিরে এতদিন যাহারা দোচোখো মুনাফা লুটিয়াও বুক ফুলাইয়া বেড়াইতে অভ্যস্ত, চাকে ঢিল পড়িলে তাহারা যে খাপ্পা হইয়া উঠিবে, ইহা কিছুমাত্র আশ্চর্য্য নয়। নতুবা তৈলের দর চড়াইবার চাপ দিতে গিয়া এমন কথা কি কখনও বলিতে পারিত যে, দর না বাড়াইলে তেলে তিন ভাগ ভেজাল থাকিবে।

কলিকাতা কর্পোরেশন বিশ্লেষণ করিয়া দেখিয়াছেন যে, বাজারের তেলে শতকরা পাঁচভাগও খাঁটি তেল নাই। মসিনার বিচি, তামাক বিচি, প্রভৃতি যাচ্ছে তাই মিশাইয়া যে ভেজাল দেওয়া হয়, তাহাতে বেরিবেরি, পক্ষাঘাত, এমন কি অন্ধ পর্য্যন্ত হইতে হইবে। অন্য কোন দেশ হইলে এই সব নরহত্যার তুল্য অপরাধীদের প্রকাশ্যে বেত্রাঘাত করা হইত, এদেশে বড়জোর জরিমানা দিয়াই রেহাই পাওয়া যায়।

দেশের লোক ক্ষেপিয়া উঠিয়াছে। একে আকাশচুম্বী দর, তাহার উপর প্রাণঘাতী ভেজাল। জেল, জরিমানা ছাড়িয়া এখন বেত্রাঘাতই একমাত্র মহৌষধ। এখানে ওখানে দু'দশটা চুনা পুঁটি ধরার বাহাদুরী ছাড়িয়া একটা রাঘব বোয়ালকেও যদি এই মহৌষধ প্রয়োগ করা হয়, তবেই দুর্নীতির প্রতিকার ত্বরান্বিত হইবে। এ ভিন্ন গত্যন্তর নাই।

## লটারীতে পুরস্কার লাভ

উড়িষ্যা সরকার কর্ত্তৃক অনুমোদিত "বারবাটি র‍্যাফল" এর একখানি টিকিট এক টাকায় কিনিয়া জঙ্গিপুর মহকুমার সুতী থানার ফতুল্লাপুর গ্রামের শ্রীগজানন দাস দ্বিতীয় পুরস্কার ২৭,৫০০ টাকা ও টিকিট বিক্রেতা লবণচোয়া গ্রামের শ্রীভূপেন্দ্রনাথ দাস ২,৫০০ টাকা পাইবেন বলিয়া ঘোষিত হইয়াছে। শ্রীগজানন দাস একজন সাধারণ গৃহস্থ। অর্থপ্রাপ্তিতে তাঁহার যথেষ্ট উপকার হইবে।

## শস্য-উৎপাদন প্রতিযোগিতা

গত ২৭শে জুলাই সোমবার বহরমপুর গ্রাণ্ট হলে অতিরিক্ত জেলা-শাসক শ্রীসুশীলকুমার চক্রবর্ত্তী মহাশয়ের সভাপতিত্বে কৃষক দিবস প্রতিপালিত হয় এবং বহরমপুর সদর মহকুমায় শস্য-উৎপাদন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়। নিম্নের ব্যক্তিগণ পুরস্কার লাভ করেন।

গম উৎপাদনে—

শ্রীরাইকিঙ্কর চৌধুরী, সাং বলরামপুর প্রতি একরে ৫৬ মণ।

শ্রীনারায়ণচন্দ্র মণ্ডল, সাং বেলপুকুর প্রতি একরে ৩০ মণ ২৪ সের।

আলু উৎপাদনে—

শ্রীষষ্ঠী মণ্ডল, সাং বৈষ্ণবতলা প্রতি একরে ৩৯৯ মণ ১৬ সের।

মহম্মদ বাবরউদ্দিন সাং বারুইপাড়া প্রতি একরে ৩৯৮ মণ।

## বনমহোৎসব

এই বৎসর পশ্চিম বঙ্গের সর্ব্বত্র পঞ্চদশ বনমহোৎসব পালন করা হইতেছে। গত ১৯৫০ সাল হইতে ইহা আমাদের দেশে জাতীয় উৎসবরূপে পালিত হইতেছে। দেশের সমৃদ্ধি ও অগ্রগতির জন্য বনসম্পদ একান্ত প্রয়োজন কারণ ইহা হইতে আমরা জীবন-ধারণের জন্য নানাবিধ উপকরণ পাই। জমির সরসতা ও উর্ব্বরতা রক্ষা ও বৃদ্ধির জন্য এবং জমির ক্ষয় নিবারণের জন্য বনসম্পদ অপরিহার্য্য। জ্বালানি ও ব্যবহার্য্য কাঠের জন্য, পশুর খাদ্যের জন্য এবং সর্ব্বোপরি সৌন্দর্য্যমণ্ডিত পরিবেশ সৃষ্টির জন্য বনসম্পদ অবশ্য প্রয়োজন।

মুর্শিদাবাদের জেলা-শাসক শ্রীদেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয় জেলার অধিবাসীদের নিকট বনমহোৎসব পালনের জন্য এক আবেদন জানাইয়াছেন। মুর্শিদাবাদ জেলার 'বন বিভাগ' হইতে বিনামূল্যে নানাপ্রকার প্রয়োজনীয় চারাগাছ জেলাবাসীদের নিকট বিলি করা হইতেছে।

## ভারতের দীর্ঘতম সেতু

কটকের নিকট মহানদীর উপরে ৪৭টি স্তম্ভের উপর আধুনিক পরিবহণ ব্যবস্থার উপযোগী ৭৩৯২ ফুট দীর্ঘ এক সেতু নির্মিত হইয়াছে। এই সেতুটি কলিকাতা ও মাদ্রাজের মধ্যে স্থায়ী যোগাযোগ স্থাপন করিবে। সেতুটিই এখন ভারতের দীর্ঘতম সেতু।

প্রেঃ-ইঃ-ব্যুঃ

## হাসপাতাল কর্ম্মচারী গ্রেপ্তার

গত ২রা জুলাই বর্দ্ধমান থানার ভারপ্রাপ্ত পুলিশ অফিসার শ্রীএম-কে-চন্দ বিজয়চাঁদ হাসপাতালের ষ্টোর কীপার শ্রীবিমলেন্দু রায়কে জীপ গাড়ীতে করিয়া মূল্যবান ঔষধপত্র পাচারের সময় হাতেনাতে গ্রেপ্তার করে। ঐ সময় তাহার নিকট দুই বাণ্ডিল ঔষধাদি ছিল বলিয়া জানা গিয়াছে।

## প্রাথমিক শিক্ষকের দুর্নীতি

সহযোগী 'কান্দী বান্ধবে' প্রকাশ—গত ২১শে জুলাই তারিখে ভরতপুর থানার কোল্লা গ্রামের প্রাথমিক শিক্ষক শ্রীঅরবিন্দ ব্যানার্জ্জী মাঠের মধ্যে বচসা করিয়া জজান ডাকঘরের কর্ম্মরত পিয়নকে মারধর করে এবং তাহার নিকট হইতে সমস্ত টাকা ছিনাইয়া লয়। পিয়নের অভিযোগে উক্ত শিক্ষকের বিরুদ্ধে নন্‌বেলেবেল ওয়ারেন্ট বাহির হইয়াছে।

---

## আমের জন্য প্রথম পুরস্কার

কলিকাতায় অনুষ্ঠিত আমের প্রতিযোগিতায় বহরমপুরের ফল উৎপাদনকারী শ্রীশম্ভুনাথ চ্যাটার্জ্জী মহাশয় পশ্চিমবঙ্গের আম উৎপাদনকারীদের মধ্যে প্রথম পুরস্কার লাভ করেন। 'বিমলী' আমের জন্যও তিনি প্রথম পুরস্কার পান।

---

## রাধারঘাটে ট্রাক ড্রাইভারের জীবনান্ত

সহযোগী 'মুর্শিদাবাদ বার্তা'য় প্রকাশ—গত ১৩ই জুলাই রাধারঘাটে জনৈক ট্রাক ড্রাইভার শোচনীয়ভাবে দগ্ধ হইয়া মারা গিয়াছে। ঘটনার বিবরণে জানা যায় উক্ত ড্রাইভার একটি ডিজেল ট্রাক ঘাট হইতে চালাইয়া উঠিবার সময় ট্রাকটি অচল হইয়া যায়। ফলে জনৈক মিস্ত্রির সহায়তায় ডিজেল গরম করিয়া ট্রাকে ঢালিয়া চালু করিবার চেষ্টা লইতে থাকে। কিন্তু অকস্মাৎ বেকায়দায় উক্ত গরম ডিজেলপূর্ণ পাত্রটি ছিটকাইয়া যায় এবং ড্রাইভারটির সর্বাঙ্গে গরম ডিজেল ছড়াইয়া পড়ে ও হস্তস্থিত মশাল হইতে আগুন ধরিয়া যায়। বহু চেষ্টা সত্ত্বেও আগুন নিভানো সম্ভব হয় না ও পর দিন হাসপাতালে ড্রাইভারটির জীবনান্ত হয়। উক্ত ট্রাকটির মালিক রাধারঘাটের ভূতপূর্ব ইজারাদার শ্রীতেওয়ারী।

---

## জঙ্গীপুর কলেজ (মুর্শিদাবাদ)

### (গভর্ণমেণ্ট স্পনসর্ড)

১ম বর্ষ ত্রৈবার্ষিক কলা ও বিজ্ঞান এবং প্রাক বিশ্ববিদ্যালয় কলা ও বিজ্ঞান বিভাগে ভর্ত্তি চলিতেছে।

ছাত্রাবাসে স্থান সংগ্রহের জন্য পূর্ব্বাহ্নে দরখাস্ত করিতে হইবে। ভর্ত্তির সময় আপন আপন মার্কসীট কলেজ আফিসে দাখিল করিতে হইবে। অন্য বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণকে মাইগ্রেশন সার্টিফিকেট লইয়া আসিতে হইবে। ভর্ত্তির আবেদনপত্র কলেজ আফিসে পাওয়া যাইবে।

প্রিন্সিপ্যাল,
জঙ্গীপুর কলেজ।

---

## ভেজাল-ভূতের ভয়ে



দিনরাত অনির্দ্দিষ্ট পথে ছুটে বেড়াচ্ছি
ছুটার বিরাম নাই।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ)
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

**সারিবাদ্যাসব**

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীনবীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪০৬৬ |



★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

**কুণ্ডু হার্ডওয়ার ষ্টোর**
খাগড়া মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)